PG (CBCS) EVEN SEMESTER EXAMINATION, 2024

BENGALI
4th Semester

Course No : BNGCC - 401 (O)
(**বিশ শতকের বাংলা কবিতা - ২**)

Full Marks : 70
Pass Marks : 28

Time : 3 hours

The figures in the margin indicate full marks for the questions

(পাশ্বষ্ঠ সংখ্যা পূণষ্মান নিদেষ্শক)

প্রতিটি গুচ্ছ থেকে একটি করে প্রশ্ন নিয়ে মোট পাঁচটি প্রশ্নের উত্তর দাও

ক-গুচ্ছ

১) সুভাষ মুখোপাধ্যায়ের জন্মসাল কত? তাঁর প্রকাশিত প্রথম কাব্যগ্রন্থের নাম কী? 'সুভাষ মুখোপাধ্যায় বাংলা প্রতিবাদী ধারার কবিতায় প্রথম বিদ্রোহী পদাতিক' - মন্তব্যটির সাথষ্কতা বিচার করো। ১+১+১২=১৪

২) সুভাষ মুখোপাধ্যায় কত খ্রিষ্টাব্দে 'সাহিত্য একাডেমি' পুরস্কারে ভূষিত হন? তাঁর যে কোনো দু'টি কাব্যগ্রন্থের নাম লেখো। 'সুভাষ মুখোপাধ্যায়ের কবিতা দেশ- ভাষা ও জীবনকে ভালোবাসার কবিতা।' উক্তিটির তাৎপযষ্ট বিশ্লেষণ করো। ১+২+১১=১৪

খ-গুচ্ছ

৩) শঙ্খ ঘোষের জন্মস্থান কোথায়? তাঁর প্রথম কাব্য গ্রন্থের নাম কী? 'কাল থেকে কালোত্তরে, দেশ থেকে দেশাতীতে মুক্তি এই কবির, কবিতার প্রধান প্রসঙ্গ।' শঙ্খ ঘোষের কবিতা সম্পর্কে উক্ত অভিমতের যাথার্থ্য বিচার করো।

১+১+১২=১৪

৪) নীরেন্দ্রনাথ চক্রবর্তীর যে কোনো দুটি কাব্যগ্রন্থের নাম লেখো। 'নীরেন্দ্রনাথ তাঁর সমকালকে, সমাজ ও পরিসরকে সূক্ষ্ম অন্তর্দৃষ্টিতে অবলোকন করেছেন বলেই আমাদের চিরচেনা প্রেক্ষিত কাব্যমাধুর্যে বাঙ্ময় হয়ে উঠেছে।' প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে পর্যালোচনা করো। ২+১২=১৪

*-গুচ্ছ

৫) শক্তি চট্টোপাধ্যায়ের শেষ কাব্যগ্রন্থের নাম কী? তিনি কত খ্রিস্টাব্দে জন্মগ্রহণ করেন? 'মৃত্যুচেতনা শক্তি চট্টোপাধ্যায়ের কবিতার বিস্তৃত পরিসর জুড়ে আছে, কিন্তু প্রকৃতার্থেই তিনি একজন জীবনবাদী কবি।' আলোচনা করো।

১+১+১২=১৪

৬) সুনীল *ঙ্গোপাধ্যায়ের জন্মস্থানের নাম কী? তাঁর সম্পাদিত সাহিত্য পত্রিকাটির নাম লেখো। 'সুনীল *ঙ্গোপাধ্যায়, মূলত রোম্যান্টিক প্রেমের কবি।' মন্তব্যটি পর্যালোচনা করো। ১+১+১২=১৪

ঘ- গুচ্ছ

৭) শক্তিপদ ব্রহ্মচারীর সম্পাদিত সাহিত্য পত্রিকাটির নাম কী? তাঁর জন্মস্থান কোথায়? শক্তিপদ ব্রহ্মচারীর কবিতায় ছন্দ, অলংকার, প্রতীক ও চিত্রকল্পের

প্রয়ো* এককথায় অনবদ্য। উপযুক্ত উদাহরণ সহযো* মন্তব্যটি বিচার করো।

১+১+১২=১৪

৮) 'শামসুর রাহমানের যে কোনো দুটো কাব্যগ্রন্থের নাম লেখো। বাংলাদেশের ভাষা আন্দোলনের প্রেক্ষিত তাঁর কবিতায় নানারূপে, নানাভাবে রূপায়িত হয়েছে। প্রাসঙ্গিক কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশ্লেষণ করো।

২+১২=১৪

ঙ-গুচ্ছ

৯) 'আমার কবিতা আগুনের খোঁজে বেরিয়েছে কাঠ আনতে'। এই উক্তিটি থেকেই স্পষ্ট প্রতিভাত হয় মল্লিকা সেনগুপ্তের কবিতা আসলে নারীর নিজস্ব পরিসর সন্ধানের উদ্ভাস খুঁজে বেড়ায়। পঠিত কবিতা অবলম্বনে মন্তব্যটি বিশদ করো।

১৪

১০) জয় গোস্বামীর যে কোনো দু'টো কাব্যগ্রন্থের নাম লেখো। জয় গোস্বামীর কবিতায় জীবন অন্বেষণের যে সার্বিক চিত্র প্রতিফলিত হয়ে ওঠে, কবিতা পাঠের নিরিখে তার পরিচয় দাও। ২+১২=১৪

★★★